

## অনুবাদে জন অ্যাশবেরির কবিতা আর্থনীল মুখোপাধ্যায়

### Dull Mauve

(Can You Hear, Bird)

Twenty miles away, in the colder  
waters of the Atlantic, you gaze longingly  
toward the coast. Didn't you once love someone  
there? Yes, but it was only a cat, and I,  
a manatee, what could I do? There are no rewards  
in this world for pissing your life away, even  
if it means you get to see forgotten icebergs  
of decades ago peeling off from the mass  
to dive under the surface, raising a  
mountain of seething glass before they lunge back up  
to start the unknown perilous journey  
to the desolate horizon.

That was the way  
I thought of each day when I was young, a sloughing-off,  
both suicidal and imbued with a certain ritual grace.  
Later, there were so many protagonists  
one got quite lost, as in a forest of doppelgängers.  
Many things were going on. And the moon, poised  
on the ridge like an enormous, smooth grapefruit, understood  
the importance of each and wasn't going  
to make one's task any easier, though we loved her.

## ফিকে বেগনি

বিশ মাইল দূরে অতলান্তিকের কনকনে জলের ওপর তুমি উন্মুখ হয়ে  
তীরের দিকে চেয়েছিলে। কে যেন ছিল না ওখানে?  
যাকে তুমি একদা ভালোবাসতে?  
হ্যাঁ। কিন্তু সে তো একটা বেড়াল  
আর আমি, এক শুশুক, কিইবা করতে পারি?  
নিজের জীবন নষ্ট করার জন্য এই পৃথিবীতে কোন পুরস্কার নেই  
যদিও তুমি দেখতে পেলে বহু বছর আগের ঐ হিমশৈলগুলো  
মূল চাওড় থেকে খঁসে পড়ছে  
জলের নীচে ডুব দিচ্ছে ভেসে থাকতে;  
একটা ফেনিয়ে তোলা কাচের পাহাড় গঁড়ে তুলে  
তাকে ঠেলে দিচ্ছে নির্জন দিগন্তে  
এক অচেনা বিপজ্জনক যাত্রায়

যখন যুবক ছিলাম আমরা, এইরকমই ভাবতাম রাতদিন  
এক মামড়ি-পড়া ভাবনা - আত্মহননময়  
অথচ প্রথার সৌষ্ঠবে, সৌন্দর্যে ডোবানো। পরে,  
গল্পের নায়কদের এত ভিড় বাড়লো, হারিয়ে যাওয়া খুব স্বাভাবিক  
গভীর অরণ্যে ওই কায়ানুক অশরীরীদের মতো।  
এদিকে নানারকম কাণ্ড হচ্ছে।  
শৈলশিরার ওপর সাজানো ওই বিরাট, মসৃণ বাতাবীর মতো চাঁদ  
যদিও সবার আলাদা আলাদা গুরুত্ব বোঝে, কারোর  
কাজই সহজ হলো না কিন্তু  
অথচ আমরা তো তাকে ভালোবাসলাম।

## Lost And Found And Lost Again

(Houseboat Days)

Like an object whose loss has begun to be felt  
Though not yet noticed, your pulsar signals  
To the present death. " *It must be cold out on the river*  
*Today* ." "You could make sweet ones on earth."

They tell him nothing. And the neon Bodoni  
Presses its invitation to inspect the figures  
Of this evening seeping from a far and fatal corridor  
Of relaxed vigilance: these colors and this speech only.



## হারিয়ে খুঁজে পেয়ে আবার হারায়

সেই জিনিসটার মত যার অভাব অনুভূত হচ্ছে ক্রমাগত।  
যদিও তাকে দেখা যায়নি, নক্ষত্রসংকেতে কেবল ধরা পড়ে  
বর্তমান মৃত্যু। 'হয়তো খুব ঠান্ডা আজ নদীর ওপর'  
'মাটির ওপর এলে ওকে সুমিষ্ট করতে পারতে'।

ওরা কিছুই বলেনা। আর সাক্ষ্য নিয়নলিপি  
আহ্বান জানায় এই সন্ধ্যার আকৃতিগুলো পরখ ক'রে দেখতে  
এই সন্ধ্যা, যা চুঁয়ে নামছে বহুদূরের এক বিপজ্জনক করিডোর থেকে  
অবসন্ন তার সতর্কতাঃ এই বর্ণ আর এই ভাষ্য শুধু।

## And Others, Vaguer Presences

(Houseboat Days)

Are built out of the meshing of life and space  
At the point where we are wholly revealed  
In the lozenge-shaped openings. Because  
It is argued that these structures address themselves  
To exclusively aesthetic concerns, like windmills  
On a vast plain. To which it is answered  
That there are no other questions than these,  
Half squashed in mud, emerging out of the moment  
We all live, learning to like it. No sonnet  
On this furthest strip of land, no pebbles,

No plants. To extend one's life  
All day on the dirty stone of some plaza,  
Unaware among the pretty lunging of the wind,  
Light and shade, is like coming out of  
A coma that is a white, interesting country,  
Prepared to lose the main memory in a meeting  
By torchlight under the twisted end of the stairs.

## এবং অন্যান্য, অনচ্ছ অস্তিত্ব

জীবন ও স্থানের জংলা থেকে বানিয়ে নেওয়া  
লজেন্স আকারের যে গর্তে আমাদের সবটুকু  
গোপনীয়তা ধরা পড়ে। কারণ তর্ক আছে যে  
এই কাঠামোগুলো সম্পূর্ণ হলো শুধু নিজেদের তাগিদে  
নিজস্ব নান্দনিক চিন্তাকে সম্মান জানাতে, খোলামাঠের  
হাওয়াকলের মতো, যাদের উত্তর দেওয়া সমাণ্ড।  
এছাড়া আর কোনো প্রশ্ন নেই, যারা কাদামেখে  
এই মুহূর্ত থেকে বেরিয়ে আসে  
যাদের ভালোবাসতে শিখেই আমরা বড় হই।  
কোনো সনেট নেই নুড়ি নেই দূরান্তরের জমিতে।

কোনো গাছপালা নেই। জীবনকে বাড়াতে  
কোনো এক প্লাজার কোণে নোংরা পাথরে জড়ানো সারাদিন  
বাতাসের সুন্দর ফুসফুসের ভেতর অজান্তে,  
আলো আর ছায়া, যেন কোনো কোমার মত নিশ্চিহ্ন সাদা,  
অদ্ভূত এক দেশের মধ্যে থেকে বেরিয়ে এলো,  
যেন তাদের প্রধান স্মৃতি হারিয়ে ফেলার জন্য তারা তৈরি  
বাগানের আলোর ধারে এই মিটিঙে  
সিঁড়ির তলায়।

## Vetiver

(April Galleons)

Ages passed slowly, like a load of hay,  
As the flowers recited their lines  
And pike stirred at the bottom of the pond.  
The pen was cool to the touch.  
The staircase swept upward  
Through fragmented garlands, keeping the melancholy  
Already distilled in letters of the alphabet.

It would be time for winter now, its spun-sugar  
Palaces and also lines of care  
At the mouth, pink smudges on the forehead and cheeks,  
The color once known as "ashes of roses."  
How many snakes and lizards shed their skins  
For time to be passing on like this,  
Sinking deeper in the sand as it wound toward  
The conclusion. It had all been working so well and now,  
Well, it just kind of came apart in the hand  
As a change is voiced, sharp  
As a fishhook in the throat, and decorative tears flowed  
Past us into a basin called infinity.

There was no charge for anything, the gates  
Had been left open intentionally.  
Don't follow, you can have whatever it is.  
And in some room someone examines his youth,  
Finds it dry and hollow, porous to the touch.  
O keep me with you, unless the outdoors  
Embraces both of us, unites us, unless  
The birdcatchers put away their twigs,  
The fishermen haul in their sleek empty nets  
And others become part of the immense crowd  
Around this bonfire, a situation  
That has come to mean us to us, and the crying  
In the leaves is saved, the last silver drops.



## ভেটিভার \*

যুগ চলে যায় ধীরে, খড়ের গাড়ির মতো  
ফুলেরা তাদের পংক্তি আওড়ায়  
আর মৌরলা ঘোরে পুস্করিনীর নীচে ।  
কলমটা শীতলস্পর্শ ।  
সিঁড়ি লতিয়ে উঠে গিয়েছিলো  
সুগন্ধী মালার ভেতর দিয়ে  
অক্ষরের ডোলে  
এক স্মৃতিগত বিষণ্ণতা হেঁকে রেখে ।

শীতের আসার সময় হলো, সেটা মোটা চিনির তৈরি রাজপ্রাসাদে  
তার যত্নরেখা সহ ধরা পড়ছে  
মুখের কাছে, গোলাপিরঙের ছোপ কপালে, গালে  
যে রঙের একদিন নাম হয়েছিলো 'গোলাপের ছাই' ।  
কতগুলো সাপ গোসাপের নির্মোক খসে পড়লে  
এতটা সময় এভাবে কেটে যায়  
বালির গভীরতর প্রদেশে পাক দিয়ে শেষ সিদ্ধান্তের দিকে ।  
এতদিন কী ভালো চলছিলো সব, হঠাৎ কেমন দেখুন  
হঠাৎই, হাতে হাতে খুলে এলো যেই  
এক পরিবর্তন সাড়া দিলো, তীব্র তীক্ষ্ণ গলায়  
যে বঁড়শি আটকায় আর সুসজ্জিত অশ্রু  
পাশ দিয়ে বয়ে গিয়ে যে অববাহিকায় পড়ে  
তাকেই বলে জগতের অসীম ।

সমস্তই ছিলো বিনামূল্যে । গেট স্বেচ্ছায় খুলে দেওয়া হয়েছিলো ।  
পিছু পিছু ছোট্টার কোন প্রয়োজন নেই, যা চাও সবই তোমার । আর  
একটা ঘরে কেউ তার যৌবন পরীক্ষা করে, মনে হয় শুকনো, ফাঁপা  
হাতের পরশে মনে হয় রক্তবহুল  
আমাকে ছেড়োনা, সঙ্গে রেখো, এক যদিনা  
বাহির আমাদের দুজনকে জড়িয়ে ধরে, মেলায়, এক যদিনা  
পাখিধরারা তাদের কলকাঠি সরিয়ে রাখে  
জেলেরা টানে তাদের মসৃণ ফাঁকা জাল  
আর অন্যেরা গিয়ে মেশে সেই বিরাট জমায়েতে  
বনফায়ার বা আনন্দাগ্নির ধারে, এই পরিস্থিতি আমাদের কাছে  
এসে আমাদেরই কথা শোনায়, আর ওই  
পাতায় পাতায় ছাওয়া কান্না আমরা জমালাম -  
ঐ অস্তিম রূপোলি ফোঁটাগুলো ।

\* 'ভেটিভার' এক ধরনের সুগন্ধী । আমেরিকায় ও ইউরোপে বিভিন্ন কোম্পানী, এই সুগন্ধী তৈরি করে থাকে ।  
এক ধরনের ভারতীয় সুগন্ধী ঘাস থেকে এর সুবাস নির্মিত হয় । জন অ্যাশবেরির অন্যতম প্রিয় সুগন্ধী 'ভেটিভার' ।



## My Name Is Dimitri

(Can You Hear Bird)

I am going to be your host tonight.  
Do you wish the fiddle or the fish?  
The hen with ivory sauce is very fine, very light.  
An experience unlike any other pushes you

toward what holy extremities? To a margin of uncertainty  
where not just drinks are muddled and an old frump  
of a past straddles you. Uncertainty polishes the china  
to a mirrorlike daze.

A World War I soldier wants to say Thank you,  
Fuck you, from all the trenches his heart is bleeding  
from, from the aghast question and the problem of novelty  
to the tip of sores that ends this peninsula  
back where it began, where the pilgrims trod.

There is so much in Warsaw---  
too many restaurants, too few connections  
that would otherwise make things interesting.  
We have nothing to cling to, only torn memories

of a station between stations that wasn't  
the one that was supposed to be there. An altar of roses  
climbed halfway up the stadium which was full of misfits  
with no store to come home to. Still, there was the bus,

a place beyond all others, curdled in the neat sky.  
An insane child wishes the grass whipped less  
at the bends where the posts are. The merger of innocents  
matters less than the hum of interim authority and the screech of descants

that take you by surprise as they tide you over.  
Goodnight. The windscreen is heavy with imagery  
in entranced colors like the plumes of a canary  
or lyrebird. Keep the rats out of that granary

and all will be well for a century, but if the mailman  
leaves me no mail it will be a vast appointed mistake,  
vast as a throne room in an old castle by the sea,  
as Thuringia. The moss grew for me, and there  
the matter rested, in salt pits and other geographical refuse.  
Besides, they were coming over the ridge,  
would save us, and then we'd see what we would see---  
despondent daughters of the Hellespont, fickle as creation  
and the lives that extend it down to this trough.



## আমার নাম দিমিত্রি

আজ সন্ধ্যায় আপনারা আমার অতিথি, আমিই পরিবেশন করবো  
আজ কি খাবেন বলুন? মাছ? না মাছরাঙা?  
আইভরি সস দিয়ে মুরগিটা কিন্তু সতিই মুখরোচক, দারুণ হাঙ্কা  
এ এক অনন্য অভিজ্ঞতা যা তোমাকে ঠেলছে

ঐ পবিত্র বাড়াবাড়ির দিকে? অনিশ্চয়তার কিনারায়? যেখানে কেবল  
মদের বোতলগুলি গড়িয়ে গোলমেলে এমন নয়, কোন এক অতীত থেকে  
সেই নেকীটা এসে বারবার গায়ে পড়ে। অনিশ্চয়তা  
চিনেমাটির থালাটাকে ঘষেঘষে আয়নার মত ঝাঁ চকচকে করে।

প্রথম বিশ্বযুদ্ধের এক সৈন্য বলতে চায় - ধন্যবাদ,  
বা শ্যোরের বাচ্চা, যে সমস্ত ঝেঁষ থেকে তোমার হৃদয় রক্তাক্ত  
আতঙ্কময় প্রশ্নগুলো থেকে, নতুনত্বের সমস্যা থেকে শুরু করে  
ডগার ঘা পর্যন্ত যেখানে পেনিনাসুলা তার শুরুতে ফিরে গিয়ে শেষ হয়  
আর তীর্থযাত্রীরা পা ঠোকে, মাথা ঠোকে

ওয়ারসতে কত কী দেখার -  
কত রেস্তোঁরা, কত কম ট্রেনরুট  
যদিও ভালোলাগার রশদ অনেক।  
আমাদের ধ'রে ঝুলে থাকার মত কোন হাতল নেই, কেবল ছেঁড়াশ্মৃতি সব

একটা চোরা স্টেশনের যা অন্য কি একটা স্টেশনের পর  
মোট ঐখানে থাকারই কথা নয়। স্টেডিয়ামের র্যাম্পার্টে গোলাপঝোপ ছিল  
আর কিছুতেই মেশে না এমন সব কাঁটা  
বাড়ী ফেরার মত একটা দোকানঘর। তবুতো বাস ছিল

আর সব জায়গার চেয়ে বেহতর একটা জায়গা, আকাশে নিখুঁত জমে দই-দই  
যেখানে রাস্তা বাক নিচ্ছে ওখানকার ঘাসগুলো আরেকটু বাধ্য হোক -  
পাগলা বালকটি ভাবে  
নিরীহদের মেলামেশার চেয়ে অনেক গুরুতর  
যেন ঐ সাময়িক অধিকারের গুঞ্জন আর যন্ত্রানুষঙ্গের বান্‌বান্  
যা তোমাকে চমকে তোমার ওপর দিয়ে চলে যায়।  
শুভরাত্রি। উইন্ডস্ক্রীন ভারী ক'রে রয়েছে শেকল দেওয়া রঙগুলো  
যেমন মুনিয়ার পালকে থাকে। গোলাঘরের বাইরে রাখো মুষিকদের

তাহলেই একশো বছর কোন চিন্তা নেই, কিন্তু পোস্টম্যান যদি আমায় চিঠি  
দিতে ভুলে যায় সে এক বিরাট ভুল হবে  
সমুদ্রের ধারে পুরনো রাজবাড়ীর জলসাঘরের মতই বিরাট, যেমনটা খুরিজিয়ায় দেখলে।  
ঐখানেই শ্যাওলা গজল আর আমার বিষয়গুলো থেমে গেল, বিশ্রাম নিল  
নুনের গোলায় আর পরিবেশের আশেপাশে।  
তারওপর ধরুন, ওরা আলপথ পেরিয়ে আমাদের বাঁচাতে এল আর আমরা  
দেখলাম যা আমাদের ভবিতব্যে আঁকা -  
গঞ্জের ঐ বিমর্ষ গরীব মেয়েগুলি, সৃষ্টির মতই চঞ্চলস্বভাবের  
আর ঐ আলপথ থেকে গড়ানো অবনমিত জীবনগুলো।

## Songs Without Words

(Planisphere)

The playoffs--- don't get upset.  
What a process brothering it,  
like a bottle of lemonade.  
Your beautiful work doesn't coincide.

Where are the flurries, faked orgasms,  
the glass texture? The spa, corrupt,  
dead like a geranium  
in the crosshairs at the end of time..

Was he young? Blond chimneys and a sense of  
morning when it arrives. But was something  
else expected of us, that could never be forbidden,  
never forgotten? The push-pull of a city  
drawn closer on wires? Sweet wood  
floating on the sea?

A sense of cracks which may not become too noticeable  
alerted them outside. No point coming back in,  
the gap has been bridged. Around us, alarming as snow,  
the troops "fall in." Everything is normal.  
I can still scratch my head if I choose.

At stake is a page in some larger history,  
something we had once and played with.  
The laboratory seemed too kind, deliberate  
for the miles of homecoming that were ours.



## শব্দহীন গান

একস্ট্রা টাইম – অমন হয়, হতাশ হয়োনা।  
তাকে আপন করার পদ্ধতিটা,  
এক বোতল লেমনেডের মতো।  
তোমার ওই সুন্দর কাজ তাকে কাটেনি।

বিশৃঙ্খলতা কোথায়, রাগমোচনের ভান,  
কাচের বয়ন? ওই স্পা, অসৎ,  
কালান্তিমের জটে  
জেরেনিয়ামের মতো মৃত ...

লোকটা কি তরুণ? যখন আসে সাদা চিমনি  
আর একটা সকাল হবার বোধ। কিন্তু আমাদের ওপর  
কি অন্য আশা ছিলো, যা কোনোদিন ভোলার নয়,  
নিষিদ্ধ হবার নয়?  
শহরের টানাপোড়েন  
তারে তারে টান ধরাচ্ছে? মিঠে কাঠ  
ভাসছে সাগরে?

একটা ফাটলের বোধ যা হয়তো নজরে আসবেনা  
বাইরে থেকে সাবধান করে। ফিরে এসে লাভ নেই,  
ফাঁক ভরে গেছে। আমাদের ঘিরে, তুমারপাতের উদ্বেগ যেন,  
সেনার 'পতন' সম্ভাব্য। সমস্তই স্বাভাবিক।  
চাইলে আমি এখনো মাথাটা চুলকে নিতে পারি।

বৃহত্তর ইতিহাসের একটা পাতা নিয়েই সঙ্কট,  
যেটা নিয়ে একদা আমরা খেলাধুলো করেছি।  
গবেষণাগার বড়ই দয়ালু, মাইল মাইল জুড়ে  
যে বাড়ি ফেরা আমাদের, স্বেচ্ছাসেবী তার প্রতি।

## The Later Me

(Planisphere)

shrinks from encounters with the earlier one,  
you know, *that* one. The one we don't speak about  
except occasionally between Thanksgiving and New Year's.

A long time plotting, and he's written out  
of the sequel. We gave him a pleasant death.  
Maybe he'll be back soon,

we hope not. The china is all converted,  
so we can dress together. Why a meeting was  
never convened until yesterday remains unexplained,

along with much else. We thought it was tears.  
Sitting alone in an open boat tells you a lot  
about discipline. Any wrongdoing will be overlooked or punished.



## দ্বিতীয়ার্ধের আমি

পূর্ববর্তীর সাথে কোনো সংঘাত হলেই কুঁকড়ে যায়  
তুমি জানো, ওই যে ওইটা। যেটা নিয়ে আমরা কথা বলিনা  
কেবল খ্যাঙ্কস্গিভিং আর নববর্ষের মধ্যে এক আধবার।

দীর্ঘ পরিকল্পনা ছিলো, দ্বিপর্ব থেকে তার চরিত্রটা  
বেরিয়ে এসেছে। আমরা তাকে দিলাম এক সুন্দর মৃত্যু।  
কে জানে, হয়তো ও আবার ফিরবে,

আশা করিনা। চিনেজমির পুরোটা পাল্টেছে  
এবার আমরা একসাথে সাজগোজ করি। কেন  
গতকালের আগে এতদিন ধরেও মিটিংটা কেন  
ঠিক করা গেল না, ভাবছিলাম,

নানা কথার সাথে। আমরা ভেবেছিলাম কান্না।  
খোলা নৌকোর ভেতর একলা বসে থাকা  
অনেক ধৈর্য শেখায়। ভুলচুক দেখা হবেনা বা ক্ষমা পাবেনা।